

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.১৩৩.১৯.১৪৫

তারিখ: ২১ শ্রাবণ ১৪২৬

০৫ আগস্ট ২০১৯

বিষয়: রিট পিটিশন নং-৬৫৫৬/২০১৯ মামলায় সরকার পক্ষে প্রয়োজনীয় আইনী ব্যবস্থা গ্রহণের উদ্দেশ্যে  
**Affidavit in opposition** প্রস্তুত করার নিমিত্ত আর্জির আলোকে মতামত প্রেরণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রুল নিশি জারির আদেশ, তারিখ: ০১.০৭.২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, ড. মো: শাহ জাহান (অবসরপ্রাপ্ত), পিতা: মো: আব্দুল মঈন, মাতা: মোছা: জামিলা খাতুন, অবসরপ্রাপ্ত অধ্যক্ষ, ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট, তেজগাঁও, ঢাকা-১২০৮ (মূলত: সহযোগী অধ্যাপক, কারিগরি শিক্ষক প্রশিক্ষণ কলেজ, তেজগাঁও, ঢাকা-১২০৮) বাসা নং-৩৭২-এ, দিলু রোড (২য় তলা), মগবাজার, রমনা, ঢাকা-১২১৭ কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৬৫৫৬/২০১৯ মামলা দায়ের করা হয়েছে।

০২. মামলাটির রুল নিশি জারির আদেশ পর্যালোচনা করে দেখা যায় যে, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ১৪.০৬.২০১৬ খ্রি: তারিখের অফিস আদেশের মাধ্যমে (রুল নিশিতে অফিস আদেশের শাখা এবং স্মারক নং উল্লেখ নেই) ০৬ নং রেসপনডেন্ট জনাব মো: রমজান আলী, সহযোগী অধ্যাপক, কারিগরি শিক্ষক প্রশিক্ষণ কলেজ, তেজগাঁও, ঢাকা-১২০৮-কে আবেদনকারীর (ড. মো: শাহ জাহান) স্থায়ী পদে পদোন্নতি দিয়ে পদায়ন করা হয়। এর পরিপ্রেক্ষিতে সংস্কৃত হয়ে মামলাটি দায়ের করা হয়েছে।

০৩. উক্ত রিট পিটিশন মামলায় সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়কে ১ নং রেসপনডেন্ট; সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় মহোদয়কে ২ নং রেসপনডেন্ট এবং মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর-কে ৩ নং রেসপনডেন্টসহ মোট ০৬ (ছয়) জনকে রেসপনডেন্ট করা হয়েছে।

০৪. মামলাটিতে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে মহামান্য আদালতে *Affidavit in opposition* দাখিলসহ জরুরীভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ আবশ্যিক।

০৫. উল্লেখ্য যে, উপরিউক্ত অফিস আদেশটি টিএমইডি এর কারিগরি শাখা থেকে জারি করা হয়েছে (শাখাভিত্তিক কার্যক্রম থেকে প্রতীয়মান হয়)। সেহেতু মামলাটির আর্জির আলোকে যথাযথভাবে *Affidavit in opposition* প্রস্তুত করার জন্য কারিগরি শাখার মতামত প্রয়োজন হবে।

০৬. এমতাবস্থায়, উপরিউক্ত মতে রিট পিটিশন নং-৬৫৫৬/২০১৯ মামলায় সরকার পক্ষে জবাব (*Affidavit in opposition*) দাখিলের নিমিত্ত মামলাটির আর্জির আলোকে মতামত আগামী ২৯.০৮.২০১৯ খ্রি: তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



৫-৮-২০১৯

ড. মো: মহাতাব হোসেন

সংযুক্ত কর্মকর্তা (আইন)

যুগ্মসচিব (কারিগরি শাখা) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.১৩৩.১৯.১৪৫/১(৭)

তারিখ: ২১ শ্রাবণ ১৪২৬

০৫ আগস্ট ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।

২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।


৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪) সিসটেম এ্যানালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৫) যুগ্ম-সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৬) উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

৭) অফিস কপি/ মাস্টার কপি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।



৫-৮-২০১৯

ড. মো: মহাতাব হোসেন  
সংযুক্ত কর্মকর্তা (আইন)